বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
বান্দরবান পওর বিভাগ
বাপাউবো, বান্দরবান।
ফোনঃ +8802333302033
ই-মেইলঃ- xenbandarbanbwdb@gmail.com

১. প্রকল্প প্রণয়নঃ

স্থানীয় জনগনের মতামত, চাহিদা বা প্রয়োজনীয়তা বিবেচনা করে আলোচনার ভিত্তিতে ''বটম আপ'' পদ্ধতিতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়, অর্থাৎ উপর থেকে (টপ ডাউন) প্রকল্প চাপিয়ে দেয়া হয় না। প্রাথমিক অনুসন্ধান, যাচাই-বাছাইয়ের পর বিস্তারিত সমীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে বাস্তবায়নযোগ্য প্রকল্পের জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাব (Development Project Proposal/Proforma-DPP)বা ডিপিপি প্রস্তুত করা হয়। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের আর্থিক সীমা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন বা একনেক কর্তৃক ডিপিপি অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রকল্পের বার্ষিক উন্নয়ন কর্মসূচী বা এডিপি প্রণয়ন করা হয়। অতঃপর প্রচলিত সরকারী বিধি বিধান, নীতি ও আইন অনুসারে প্রকল্প বাস্তবায়ন করা হয়।

২.০ বাপাউবো'র কার্যাবলীঃ

বাপাউবো আইন ২০০০ অনুসারে বাপাউবো'র সার্বিক কার্যাবলী পরিচালিত হয়। জাতীয় পানি নীতি-১৯৯৯ ও জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা-২০০৪ এর আলোকে এবং অন্যান্য বিধানাবলী সাপেক্ষে বোর্ড নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন, পরিচালন, রক্ষনাবেক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ করে। বাপাউবো'র সার্বিক কার্যাবলী প্রধানত দুই প্রকার, যথা কাঠামোগত (Structural)এবং অ-কাঠামোগত (non-structural) ও সহায়ক কার্যাবলী , যা নিম্নরুপঃ

২.১ কাঠামোগত কার্যাবলীঃ

(ক) নদী ও নদী অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ, পানি নিস্কাশন, সেচ ও খরা প্রতিরোধের লক্ষ্যে জলাধার, ব্যারেজ, বাঁধ, রেগুলেটর বা অন্য যে কোন অবকাঠামো নির্মাণ

(খ) সেচ, মৎস চাষ, নৌ-পবিহন, বনায়ন, বন্য প্রাণী সংরক্ষণ ও পরিবেশের সার্বিক উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে পানি প্রবাহের উন্নয়ন কিংবা পানি প্রবাহের গতিপথ পরিবর্তনের জন্য জলপথ, খাল বিল ইত্যাদি পুনঃখনন

ক্রমিক নং	সেবার নাম	সেবা প্রদানের পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
নাগরিক সেবা						
১	বন্যা নিয়ন্ত্রণ সম্পর্কিত সেবা	দাপ্তরিক আদেশ জারির মাধ্যমে	জনপ্রতিনিধির সুপারিশসহ আবেদন পত্র, ডিও পত্র, দাপ্তরিক পত্র	ফি-ছাড়া	জরুরী পরিস্থিতিতে ৩ কার্যদিবস এবং সাধারণভাবে ৩ মাস	নির্বাহী প্রকৌশলী বান্দরবান পওর বিভাগ বাপাউবো,বান্দরবান। ফোন-+8802333302033 ইমেইল-xenbandarbanbwdb@gmail.com সহকারী /উপবিভাগীয় প্রকৌশলী বান্দরবান পওর বিভাগ/ বান্দরবান পওর উপ-বিভাগ, বাপাউবো, বান্দরবান মোবাইল-০১৮১৪৩২৭৩১৯ ইমেইল- ae18.bandarban@gmail.com
২	নদী ভাঙন রোধ সম্পর্কিত সেবা	দাপ্তরিক আদেশ জারির মাধ্যমে	ভাঙনকৃত এলাকার জনপ্রতিনিধির সুপারিশসহ আবেদনপত্র, ডিও পত্র, দাপ্তরিক পত্র	ফি-ছাড়া	৩-৬ মাস	
৩	সম্পাদিত কার্যক্রমের তথ্য প্রদান	পত্র/ই-মেইল মারফত	আবেদন/ দাপ্তরিক পত্র	ফি-ছাড়া	৭ কার্যদিবস	
৪	পানি নিয়ন্ত্রণ কাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সেবা	পত্র/ই-মেইল মারফত	আবেদন/ দাপ্তরিক পত্র	ফি-ছাড়া	৭ কার্যদিবস	
৫	নদ-নদীর সমতলের তথ্য প্রদান	পত্র/ই-মেইল মারফত	আবেদন/ দাপ্তরিক পত্র	ফি-ছাড়া	১ কার্যদিবস	
৬	নতুন প্রকল্প গ্রহণ সংক্রান্ত সেবা	ডিপিপি প্রণয়ন, সমীক্ষা প্রতিবেদন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর দাপ্তরিক আদেশ জারীর মাধ্যমে	জনপ্রতিনিধির সুপারিশসহ আবেদনপত্র, ডিও পত্র, দাপ্তরিক পত্র	ফি-ছাড়া	ছোট প্রকল্পের জন্য ৩ মাস এবং বড় প্রকল্পের জন্য ১ বৎসর	